দৈনিক সংবাদ

তারিখ 25 APR 1995
পৃষ্ঠা ২ কলাম ৬

## যশোর বোর্ড ঃ রেজিস্ট্রেশন

# কেলেংকারির তদন্ত শুরু

যশোর, ২৪শে এপ্রিল (নিজস্ব বার্তা পরিবেশকের ফোন)।– আজ থেকে যশোর শিক্ষা বোর্ডের নজিরবিহীন রেজিস্ট্রেশন কেলেংকারির তদন্ত শুরু হয়েছে। তদন্তকাজ পরিচালনা করছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞানের প্রফেসর নজরুল ইসলাম ও বরিশাল ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ প্রফেসর মুকবুল উদ্দিন আহমেদ।

বোর্ডের সর্বোচ্চ কমিটির সভায় এই তদন্ত কমিটি গঠন করা হয়। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কমিটি বোর্ডের সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীদের স্বাক্ষর গ্রহণ করেন। বোর্ডের একশ্রেণীর দুর্নীতিবাজ কর্মচারী স্কুল শিক্ষকদের সহযোগিতায় ভুয়া রেজিস্ট্রেশন করে। বিষয়টি ফাঁস হয়ে গেলে ১৫ হাজার পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল করা হয়।